

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে গঠিত ইনোভেশন টিমের ২৯/১২/২০১৫ তারিখে অনুষ্ঠিত ৭ম সভার কার্যবিবরণী :

সভাপতি	:	মোঃ এরশাদ-উর-রশীদ পরিচালক (দাঃ বিঃ ও ঋণ), ইনোভেশন অফিসার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
স্থান	:	পরিচালকের অফিস কক্ষ।
তারিখ ও সময়	:	২৯ ডিসেম্বর ২০১৫ ; সকাল ১১:০০ ঘটিকায়।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট “ক” তে সংযুক্ত :

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ আব্দুর রেজ্জাক, সদস্য সচিব, ইনোভেশন টিম বিগত সভার (৬ষ্ঠ সভার) কার্যবিবরণী পাঠ করেন। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা গৃহীত হয়। তিনি সভাকে অবহিত করেন যে, বিগত সভায় ৫টি সুপারিশ গৃহীত হয়েছিল। এর মধ্যে এটুআই এর কারিগরী সহযোগিতায় ইনোভেশন বিষয়ক সচেতনতা বৃদ্ধি ও সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে গত ২৯ ও ৩০ নভেম্বর ২০১৫ খ্রিঃ তারিখে অধিদপ্তরে ৩৩ জন কর্মকর্তার সমন্বয়ে ২ দিন ব্যাপী কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। কর্মশালায় কর্মকর্তাগণ ৫টি গ্রুপে বিভক্ত হয়ে ৫টি বিষয়ে উপস্থাপনা করেন এবং উপস্থাপিত বিষয়ের উপর এটুআই এর সরবরাহকৃত ছকে প্রকল্প গ্রহণ করে তা ২০ ডিসেম্বর ২০১৫ খ্রিঃ তারিখের মধ্যে এটুআই এ প্রেরণের জন্য সকলকে অনুরোধ জানানো হয়। একই সাথে ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনা প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। ২০ ডিসেম্বর ২০১৫ খ্রিঃ তারিখের মধ্যে উপরে বর্ণিত বিষয়গুলি এটুআই এ পাঠানোর অগ্রগতি জানতে চাইলে। সদস্যসচিব সভাকে জানান যে, ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনা ও ২টি গ্রুপের প্রস্তুতকৃত প্রকল্প এটুআই এ পাঠানো হয়েছে এবং বাকী ৩টি গ্রুপের প্রকল্প এখনও তৈরী করা হয় নাই। সভাপতি বাকী ৩টি গ্রুপের প্রকল্প এক সপ্তাহের মধ্যে প্রেরণের ব্যবস্থানিতে অনুরোধ করেন। বিগতসভায় ইনোভেশন টিমের সদস্যগণকে ইনোভেটর কর্মকর্তাদের মেন্টর হিসেবে কাজ করার জন্য যে দায়িত্ব বন্টন করা হয়েছে তার অগ্রগতি নিয়ে আলোচনা হয়। সভাপতি সভাকে জানান যে, তিনি নিজে খুলনার রূপসা উপজেলার বেকারমুক্ত গ্রাম পরিদর্শন করেছেন এবং ‘বেকার মুক্ত গ্রাম সৃজন’ আইডিয়া বাস্তবায়নের ব্যাপারে সংশ্লিষ্ট উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার সাথে অভিজ্ঞতা বিনিময় করেছেন। উপপরিচালক(প্রশিক্ষণ) জনাব মাসুদা আকন্দ সভাকে জানান যে তিনি ৩টি উপজেলায় সংশ্লিষ্ট উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে পরামর্শ প্রদান করেছেন। উপপরিচালক(প্রোগ্রামার) জনাব মোঃ আব্দুর রেজ্জাক সভাকে জানান যে তিনি ৫টি উপজেলায় সংশ্লিষ্ট উপজেলা জেলা যুব উন্নয়ন কর্মকর্তার সাথে তাদের ইনোভেশন উদ্যোগ নিয়ে কথা বলেছেন। তারা এখনও তাদের কার্যক্রম শুরু করেনি। সহকারী পরিচালক (আইসিটি) জনাব সালেহ উদ্দিন আহমেদ সভাকে জানান যে, তিনি ১টি উপজেলার সংশ্লিষ্ট উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার সাথে কথা বলেছেন। তিনি এখনও কাজ শুরু করেননি। সহকারী পরিচালক (দাঃ বিঃ ও ঋণ) জনাব মোঃ শাহীনুর রহমান সভাকে জানান যে, তিনি ব্যস্ততার কারণে এখনও কথা বলতে পারেননি। সভাপতি ইনোভেশন টিমের সকল সদস্যকে মেন্টর হিসেবে তাদের উপর অর্পিত দায়িত্ব পালনের সচেতন থাকতে অনুরোধ করেন। গত ১০-০৯-২০১৫ খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক এটুআই কার্যক্রমের মাধ্যমে ইনোভেশন বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত ৮২ জন কর্মকর্তার নিকট ইনোভেশনের আইডিয়া সংগ্রহের জন্য পত্র দেয়া হয়েছে। সে প্রেক্ষিতে কিছু জবাব ও পাওয়াগেছে। প্রাপ্ত আইডিয়া পরবর্তী সভায় উপস্থাপন করা হবে। সভাপতি ৫ম সভায় গৃহীত ৪নং ক্রমিকের সুপারিশ “প্রতিটি অফিসে কর্মকর্তাদের তাদের চিন্তা এই সেলে পাঠানোর অনুরোধ জানিয়ে পত্র দিতে হবে” বাস্তবায়নের ব্যাপারে আশ্রয় প্রকাশ করেন। সভাকে অবহিত করে তার যে গত ১১/১০/২০১৫ খ্রিঃ তারিখের অনুষ্ঠিত কর্মশালার সিদ্ধান্ত মোতাবেক এস আই এফ ফান্ডের নির্ধারিত ফরমে এটুআই এ আবেদন করা হয়েছে।

সুপারিশ :

- ১। ইনোভেশন টিমের প্রত্যেক সদস্যকে মেন্টর হিসেবে অর্পিত দায়িত্ব পালন অব্যাহত রাখতে হবে।
- ২। ইনোভেশন আইডিয়া সংগ্রহ করে তা মন্ত্রণালয়ে প্রেরণ ও বাস্তবায়নের ব্যবস্থা নিতে হবে।
- ৩। এস আই এফ ফান্ড প্রাপ্তির ব্যাপারে প্রয়োজনীয় যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

অতঃপর, আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।



(মোঃ এরশাদ-উর-রশীদ)
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ) ও
ইনোভেশন অফিসার
ফোনঃ ৯৫৬১৩৫৩।


e-mail: ershad.dyd@gmail.com

স্মরণক নং- ৩৪.০১.০০০০.০০৮.৩১.০১৭.১৫-৭৫

তারিখঃ ০৫/০১/২০১৬খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

- ১। চীফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক----- (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৩। জনাব----- সদস্য, ইনোভেশন টিম, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৫। সংশ্লিষ্ট নথি।



(মোঃ আব্দুর রেজ্জাক)

উপপরিচালক (প্রোগ্রামার)

ও

সদস্য সচিব, ইনোভেশন টিম

যুব উন্নয়ন অধিদপ্তর

ফোনঃ ৯৫১৪৯৭৭

e-mail: razzaque1966@gmail.com

পরিশিষ্ট-“ক”

২৯/১২/২০১৫ তারিখ সকাল ১১.০০টায় অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকা :

(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

ক্রমিক নং	নাম ও পদবী	স্বাক্ষর
১.	জনাব মোঃ আব্দুর রেজ্জাক উপপরিচালক (প্রোগ্রামার)	অস্পষ্ট
২.	জনাব মাসুদা আকন্দ উপপরিচালক(প্রশিক্ষণ)	অস্পষ্ট
৩.	জনাব মোঃ শাহীনুর রহমান সহকারী পরিচালক (দাঃ বিঃ ও ঋণ)	অস্পষ্ট
৪.	জনাব সালেহ উদ্দিন আহমেদ সহকারী পরিচালক (আইসিটি)	অস্পষ্ট